



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়



কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd

প্রেস রিলিজ

তারিখঃ

০৮ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ
২১ ফেব্রুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপিত

বরিশাল বিশ্ববিদ্যালয়।

যথাযথ ভাব-গাভির্যের মধ্য দিয়ে বরিশাল বিশ্ববিদ্যালয়ে উদ্‌যাপিত হয়েছে শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১। দিবসটি উপলক্ষে সকাল ৯:৩০ টায় জাতির সূর্যসন্তান ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদনের উদ্দেশ্যে মাননীয় উপাচার্য মহোদয়ের নেতৃত্বে শোক র্যালি সহকারে বিশ্ববিদ্যালয় পরিবার ববির কেন্দ্রীয় শহীদ মিনারে এসে সমবেত হন। পরে শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শহীদদের প্রতি বিনম্র শ্রদ্ধা নিবেদন করেন ববির উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এসময় বিশ্ববিদ্যালয়ের ডিন, রেজিস্ট্রার, শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক, প্রভোস্ট, বিভাগীয় প্রধান, শিক্ষকমণ্ডলী, কর্মকর্তা, কর্মচারীসহ ববির বিভিন্ন সংগঠনের সভাপতি ও সাধারণ সম্পাদকবৃন্দ উপস্থিত ছিলেন। বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ হতে উপাচার্য মহোদয়ের পুষ্পস্তবক অর্পণের পরপরই পর্যায়ক্রমে বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, অফিসার্স এসোসিয়েশন, গ্রেড ১১-১৬ ও গ্রেড ১৭-২০ কল্যান পরিষদ, বঙ্গবন্ধু হল, শেখ হাসিনা হল, শেরে বাংলা হল ও ববিতে কর্মরত বীর মুক্তিযোদ্ধাদের সন্তানদের সংগঠন উত্তরাধিকারসহ বিভিন্ন সংগঠন পুষ্পস্তবক অর্পণে অংশ নেয়। এদিকে শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের তাৎপর্য তুলে ধরতে বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি বিকাল ৩টায় এক ভার্চুয়াল আলোচনা সভার আয়োজন করেছে। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে যুক্ত থাকবেন বিশিষ্ট সাংবাদিক, কলামিস্ট ও অমর একুশে গানের রচয়িতা আবদুল গাফফার চৌধুরী। ববি শিক্ষক সমিতির সভাপতি মোঃ আরিফ হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় সম্মানিত অতিথি হিসেবে যুক্ত থাকবেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। ভার্চুয়াল এ আলোচনা সভায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষকমণ্ডলী, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা যুক্ত থাকবেন। সভা সঞ্চালনা করবেন ববি শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ড. মোঃ খোরশেদ আলম।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)
জনসংযোগ অফিস